# সাপ্তাহিক ম্যাগাজিন

পশ্চিমবঙ্গের No. 1 জব নিউজ পোর্টাল exambangla.com -এর একটি উদ্যোগ।

16 নভেম্বর, 2025 • 88 তম সংস্করণ • চাকরির খবর • শিক্ষার খবর • কারেন্ট অ্যাফেয়ার্স

## রাজ্যের প্রাথমিক বিদ্যালয়গুলিতে ২৩০৮টি শূন্যপদে স্পেশাল এডুকেশন শিক্ষক নিয়োগ

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা:** পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদ (WBBPE) রাজ্যের সরকারি সাহায্যপ্রাপ্ত বা সরকার-পোষিত প্রাথমিক বিদ্যালয়গুলির জন্য স্পেশাল এডুকেশন শিক্ষক পদে ২,৩০৮টি শূন্যপদে সরাসরি নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। 'ওয়েস্ট বেঙ্গল প্রাইমারি স্কুল স্পেশাল এডুকেশন টিচার্স রিক্রুটমেন্ট রুলস, ২০২৫' এবং মহামান্য সুপ্রিম কোর্টের নির্দেশ মেনে এই নিয়োগ প্রক্রিয়া শুরু হয়েছে। আগ্রহী এবং যোগ্য প্রার্থীরা শুধুমাত্র অনলাইনে আবেদন করতে পারবেন। প্রার্থীকে অবশ্যই D.Ed. ইন স্পেশাল এডুকেশন অথবা D.El.Ed. ডিগ্রি সহ স্পেশাল এডুকেশনে সার্টিফিকেট/ ডিপ্লোমা থাকতে হবে। এই সমস্ত ডিগ্রি অবশ্যই RCI (Rehabilitation Council of India) অনুমোদিত প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত হতে হবে এবং প্রার্থীর বৈধ CRR (Central Rehabilitation Register) নম্বর থাকা বাধ্যতামূলক। পাশাপাশি, প্রার্থীকে অবশ্যই WBBPE কর্তৃক আয়োজিত প্রাথমিক স্তরের শিক্ষক যোগ্যতা পরীক্ষা (TET) উত্তীর্ণ হতে হবে। আবেদনকারীর বয়স ০১ জানুয়ারি, ২০২৫ অনুযায়ী ২০ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। PBSSM -এর অধীনে কর্মরত স্পেশাল এডুকেটরদের জন্য বয়সের ঊর্ধ্বসীমা ৫৫ বছর পর্যন্ত শিথিল করা হয়েছে। SC/ ST/ OBC সহ সংরক্ষিত প্রার্থীরা সরকারি নিয়ম অনুযায়ী বয়সে ছাড় পাবেন। নির্বাচিত প্রার্থীরা প্রাথমিকভাবে মাসিক ২৮,০০০/- বেতন পাবেন, সাথে সরকারি নিয়ম অনুযায়ী অন্যান্য ভাতা ও সুবিধা (DA, HRA, TA ইত্যাদি) প্রযোজ্য হবে। নির্বাচন প্রক্রিয়া মোট ১০০ নম্বরের ভিত্তিতে সম্পন্ন হবে। TET পরীক্ষার ওয়েটেজ- ৮০ নম্বর, শ্রেণিকক্ষে শিক্ষাদানের প্রদর্শন (Demonstration)- ১০ নম্বর এবং ইন্টারভিউ- ১০ নম্বর। প্রার্থীদের প্রথমে পর্ষদের অফিসিয়াল ওয়েবসাইট wbbpe.wb.gov.in অথবা wbbpeonline.com -এর মাধ্যমে রেজিস্ট্রেশন ও অনলাইনে আবেদন করতে হবে। সফলভাবে আবেদন ফি জমা দেওয়ার পরই আবেদন প্রক্রিয়া সম্পূর্ণ হবে। আবেদন মূল্য হিসেবে General -এর জন্য ৬০০ টাকা, OBC (A ও B) দের জন্য ৫০০ টাকা এবং SC/ ST/ EWS/ PwD প্রার্থীদের কোনো ফি দিতে হবে না। অনলাইনে আবেদনের শেষ তারিখ ২৫ নভেম্বর, ২০২৫।

## DHFWS বাঁকুড়ায় কমিউনিটি হেলথ অফিসার (CHO) পদে নিয়োগের বিজ্ঞপ্তি!

**নিজস্ব প্রতিনিধি, বাঁকুড়া:** ডিস্ট্রিক্ট হেলথ অ্যান্ড ফ্যামিলি ওয়েলফেয়ার সমিতি (DHFWS), বাঁকুড়া কমিউনিটি হেলথ অফিসার (CHO) পদে নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ ক্ষেত্রে আগ্রহী এবং যোগ্য প্রার্থীদের জন্য এটি একটি সুবর্ণ সুযোগ। বিজ্ঞপ্তি অনুসারে, মোট ১০৫টি শূন্যপদের মধ্যে কমিউনিটি হেলথ অফিসার (নার্সিং) পদে রয়েছে ১০০টি এবং কমিউনিটি হেলথ অফিসার (BAMS) পদে রয়েছে ৫টি। CHO (নার্সিং) পদের জন্য আবেদনকারীকে অবশ্যই ওয়েস্ট বেঙ্গল নার্সিং কাউন্সিল স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ২০২১ সালের আগে General Nursing & Midwifery (GNM)/ Post Basic B. Sc/ B. Sc. Nursing পাস হতে হবে। অন্যদিকে, CHO (BAMS) পদের জন্য স্বীকৃত ইনস্টিটিউট/ বিশ্ববিদ্যালয় থেকে BAMS পাস করে থাকতে হবে। নির্দিষ্ট তারিখ অনুযায়ী আবেদনকারীর বয়স হতে হবে ৪০ বছরের মধ্যে। সংরক্ষিত শ্রেণীর প্রার্থীরা সরকারি নিয়ম অনুযায়ী বয়সে ছাড় পাবেন। নবনিযুক্ত প্রার্থীরা মাসিক ২০,০০০/- বেতন পাবেন। এছাড়াও, অনুমোদিত প্যারামিটারের ভিত্তিতে কাজের পারফরম্যান্সের ওপর প্রতি মাসে সর্বোচ্চ ৫,০০০/- টাকা পর্যন্ত অতিরিক্ত প্রণোদনা (PLI) পাওয়ার সুযোগ রয়েছে। প্রশিক্ষণের সময়কালে মাসিক ১০,০০০/- টাকা স্টাইপেন্ড দেওয়া হবে। আবেদনকারীকে শুধুমাত্র অনলাইনে DHFWS বাঁকুড়ার অফিসিয়াল ওয়েবসাইট bankura.gov.in -এর মাধ্যমে আবেদন করতে হবে। আবেদন প্রক্রিয়া শুরু হবে ১৭ নভেম্বর, ২০২৫ থেকে, রেজিস্ট্রেশনের শেষ তারিখ ২৫ নভেম্বর, ২০২৫। অনলাইনে আবেদন জমা দেওয়ার শেষ তারিখ ২৭ নভেম্বর, ২০২৫; বৃহস্পতিবার। সাধারণ প্রার্থীদের জন্য আবেদন ফি ১০০ টাকা এবং সংরক্ষিত শ্রেণীর প্রার্থীদের জন্য ৫০ টাকা। আবেদনকারীদের অবশ্যই পশ্চিমবঙ্গের সংশ্লিষ্ট কাউন্সিল (যেখানে প্রযোজ্য) থেকে অনলাইন আবেদনের প্রথম তারিখের মধ্যে রেজিস্ট্রেশন সম্পন্ন করে রাখতে হবে এবং অনলাইনে সঠিকভাবে স্বাক্ষর ও ছবি আপলোড করতে হবে।

## কারেন্ট অ্যাফেয়ার্স

- তাজাকিস্তানের আইনি বিমানঘাঁটিতে তাদের কার্যক্রম বন্ধ করে দিয়েছে- ভারত।
- 11 নভেম্বর পালিত হয়- জাতীয় শিক্ষা দিবস।
- বিধানসভায় 'বহুবিবাহ নিষিদ্ধক বিল 2025' পেশ করবে- আসাম রাজ্য।
- বিশ্ব শান্তি প্রচারের জন্য বিশ্বব্যাপী শান্তি প্রার্থনা উৎসব আয়োজিত হয়েছে- ভুটানের থিম্পুতে।
- স্পোর্টস সিটি হিসেবে পুনর্নির্মাণ করা হবে- দিল্লির জহরলাল নেহেরু স্টেডিয়াম।
- বাণিজ্য এবং সামুদ্রিক খাতকে শক্তিশালী করার জন্য চুক্তি স্বাক্ষর করেছে- ভারত ও অ্যাঙ্গোলা।
- সাবমেরিন অনুসন্ধান এবং উদ্ধার সহযোগিতা সংক্রান্ত বিষয়ে যুক্তি স্বাক্ষর করেছে- ভারত ও ভিয়েতনাম।
- দ্বিপাক্ষিক সামরিক মহড়া 'মিত্র শক্তি 2025' শুরু করেছে- ভারত ও শ্রীলংকা।
- 2025 সালের দ্বিতীয় প্রান্তিকে (জুলাই-সেপ্টেম্বর) ভারতের বেকারত্বের হার নেমেছে- 5.2%.
- বিশ্বব্যাপী শীর্ষ দশ বিলিয়নেয়ার শহরের তালিকায় স্থান পেয়েছে- মুম্বাই এবং নয়া দিল্লি।

# শিশু দিবস 2025

ভারতে প্রতি বছর ১৪ নভেম্বর শিশু দিবস পালন করা হয়। এই দিনটি ভারতের প্রথম প্রধানমন্ত্রী পণ্ডিত জওহরলাল নেহরুর জন্মদিন। তিনি শিশুদের খুব ভালোবাসতেন, তাই শিশুরা তাকে স্নেহভরে "চাচা নেহরু" বলে ডাকত। শিশুদের অধিকার, শিক্ষা ও সুরক্ষার বিষয়ে মানুষের মধ্যে সচেতনতা বাড়ানোর উদ্দেশ্যেই এই দিনটি উদযাপন করা হয়।

১৯৪৪ সালের ৫ নভেম্বর প্রথমবার "ফ্লাওয়ার ডে" হিসেবে শিশু দিবস পালন করা হয়েছিল। পরে ১৯৫৪ সালে প্রথম সরকারি ভাবে ১৪ নভেম্বর "শিশু দিবস" পালন শুরু হয় এবং ১৯৫৭ সালে ভারত সরকার এই দিনটিকে আনুষ্ঠানিকভাবে শিশু দিবস হিসেবে ঘোষণা করে। সেই বছর ডাক ও তার বিভাগ বিশেষ ডাকটিকিটও প্রকাশ করেছিল।

নেহরু সবসময় বলতেন— "আজকের শিশুদের আদর্শভাবে গড়ে তোলাই আগামী ভারতের ভবিষ্যৎ নির্মাণ।" শিশুদের কল্যাণে তিনি নানা পদক্ষেপ নিয়েছিলেন। ১৯৫৫ সালে তিনি চিলড্রেনস ফিল্ম সোসাইটি প্রতিষ্ঠা করেন, যাতে ভারতীয় শিশুরা নিজেদের সংস্কৃতি ও গল্প নিয়ে তৈরি ছবি দেখতে পারে। এই দিনে ভারতের বিভিন্ন স্কুলে নানা রকম সাংস্কৃতিক অনুষ্ঠান, ক্রীড়া প্রতিযোগিতা, চিত্রাঙ্কন, বিতর্ক ও আনন্দমেলা হয়। কোথাও কোথাও ছুটিও দেওয়া হয়। শিক্ষকরা অনেক জায়গায় ছাত্রছাত্রীদের জন্য বিশেষ অনুষ্ঠান আয়োজন করেন।

শিশু দিবসের মূল বার্তা হলো— প্রতিটি শিশুই দেশের ভবিষ্যৎ, তাদের শিক্ষা, স্বাস্থ্য, নিরাপত্তা ও সুখী জীবনের অধিকার নিশ্চিত করা আমাদের সকলের দায়িত্ব।

# KVS ও NVS -এ টিচিং এন্ড নন-টিচিং পদে ১৪,৯৬৭ শূন্যপদে বিশাল নিয়োগ!

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা:** কেন্দ্রীয় বিদ্যালয় সংগঠন (KVS) এবং নবোদয় বিদ্যালয় সমিতি (NVS)-এর পক্ষ থেকে শিক্ষক এবং অ-শিক্ষক মিলিয়ে মোট ১৪,৯৬৭টি শূন্যপদে কর্মী নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। B.Ed, B.Lib, Post Graduate সহ বিভিন্ন শিক্ষাগত যোগ্যতার প্রার্থীরা এই বিশাল নিয়োগ প্রক্রিয়ায় অনলাইনে আবেদন করতে পারবেন। পদগুলির মধ্যে রয়েছে- অ্যাসিস্ট্যান্ট কমিশনার, প্রিন্সিপাল, ভাইস প্রিন্সিপাল, পোস্ট গ্র্যাজুয়েট টিচার (PGT), ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার (TGT), প্রাইমারি টিচার (PRT), লাইব্রেরিয়ান এবং বিভিন্ন অ-শিক্ষক পদ। পদ অনুসারে মাসিক বেতন হবে সর্বোচ্চ ২,০৯,২০০/- টাকা। পাশাপাশি, NVS-এর নির্বাচিত প্রার্থীরা আবাসিক দায়িত্ব পালনের জন্য ১০% বিশেষ ভাতা পাবেন (অ্যাসিস্ট্যান্ট কমিশনার ব্যতীত)। আবেদনকারীর বয়স হতে হবে ১৮ থেকে ৫০ বছরের মধ্যে। পদ অনুযায়ী বয়সসীমা ভিন্ন হতে পারে। সংরক্ষিত শ্রেণীর প্রার্থীরা সরকারি নিয়ম অনুযায়ী বয়সে ছাড় পাবেন। যোগ্য ও আগ্রহী প্রার্থীদের KVS ও NVS-এর অফিসিয়াল ওয়েবসাইট kvsangathan.nic.in-এর মাধ্যমে অনলাইনে আবেদন করতে হবে। একাধিক পদের জন্য আবেদন করলে প্রতিটি পদের জন্য আলাদাভাবে ফি জমা দিতে হবে। অনলাইনে আবেদনের শেষ তারিখ ০৪ ডিসেম্বর, ২০২৫। আবেদন মূল্য হিসেবে অ্যাসিস্ট্যান্ট কমিশনার / প্রিন্সিপাল / ভাইস প্রিন্সিপাল -এর জন্যে (সাধারণ/ OBC/ EWS- ২,৮০০ টাকা), (SC/ ST/ PH/ ESM- ৫০০ টাকা)। PGT / TGT / PRT / অন্যান্য -এর জন্যে (সাধারণ/ OBC/ EWS- ২,০০০ টাকা) (SC/ ST/ PH/ ESM- ৫০০ টাকা)। SSA / স্টেনোগ্রাফার / JSA / অন্যান্য নন-টিচিং -এর জন্যে (সাধারণ/ OBC/ EWS- ১,৭০০ টাকা) (SC/ ST/ PH/ ESM- ৫০০ টাকা)। নির্বাচন প্রক্রিয়া সাধারণত দু-ধাপের লিখিত পরীক্ষা এবং তারপরে ইন্টারভিউ-এর মাধ্যমে সম্পন্ন হবে।

## কারেন্ট অ্যাফেয়ার্স

- ক্রিসমাস দ্বীপে শক্তিশালী AI ডেটা সেন্টার নির্মাণের পরিকল্পনা করছে- গুগল।
- লিভারের রোগের সাথে লড়াই করে 44 বছর বয়সে মারা গেলেন- তামিল অভিনেতা অভিনয়।
- HSL কে মিনি রত্ন মর্যাদা প্রদান করছেন- প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং।
- ঝাড়খন্ডে চন্দ্রপুরায় 1600 মেগাওয়াট অতি-সুপারক্রিটিকাল কয়লা ভিত্তিক বিদ্যুৎকেন্দ্র স্থাপনের জন্য চুক্তি স্বাক্ষর করেছে- CIL এবং DVC.
- এনভিডিয়ার AI আধিপত্যকে চ্যালেঞ্জ জানাতে আয়রনউড TPU চালু করেছে- গুগল।
- GAIL (India) Limited -এর পরবর্তী CMD হিসেবে নির্বাচিত হয়েছেন- দীপক গুপ্ত।
- IWAI থেকে PPP তে হস্তান্তরিত হয়েছে- বিহারের কালুঘাট ইন্টারমোডাল টার্মিনাল।
- সৌদি অনশোর প্রকল্পের জন্য ইঞ্জিনিয়ার ইন্ডিয়া লিমিটেডের সঙ্গে অংশীদার হয়েছে- NMDC.
- প্রয়াত হয়েছেন ভারতের কম্পিউটিং মন তৈরী করা বিজ্ঞানী ও শিক্ষাবিদ অধ্যাপক- বৈদ্যেশ্বরন রাজারামন।
- চিলির পরিবেশ মন্ত্রণালয় হামবোল্ট পেঙ্গুইনকে ঘোষণা করেছে- বিপন্ন প্রাণী হিসেবে।
- "Flesh" উপন্যাসের জন্য 2025 সালের বুকার পুরস্কার জিতেছেন- হাঙ্গেরীয়-ব্রিটিশ লেখক ডেভিড সাজালে।
- রিয়েল-টাইম UPI-EFTS পেমেন্ট লিঙ্ক চালু করেছে- ভারত ও বাহরাইন।
- 5 থেকে 15 বছর বয়সী শিশুদের জন্য বাধ্যতামূলক বায়োমেট্রিক আপডেট বৃদ্ধির জন্য চুক্তি করেছে- UIDAI এবং Behavioural Insights Ltd।
- ভারত AI গভর্নেন্স নির্দেশিকা তৈরির খসড়াটির নেতৃত্ব দিয়েছেন- IIT মাদ্রাজের অধ্যাপক বলরামণ রবীন্দ্রন।
- 2027 সালে জাতিসংঘের জলবায়ু পরিবর্তন সম্মেলন (COP32) আয়োজন করবে- ইথিওপিয়া।
- ভারতীয় বিমানবাহিনীর প্রথম পূর্ণাঙ্গ বিমান প্রদর্শনী অনুষ্ঠিত হয়েছে- গুয়াহাটিতে (অনুষ্ঠানে আসামের প্রয়াত গায়িকা জুবিন গর্গের প্রতি শ্রদ্ধা জানানো হয় তার বিখ্যাত গান "মায়াবিনী রাতির বুকুট" দিয়ে)।
- দিল্লি-সাহারানপুর-দেরাদুন হাইওয়েতে (NH-709B) সৌর বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের জন্য সমঝোতা চুক্তি স্বাক্ষর করেছে- SECI ও NHAI।
- কায়রোতে অনুষ্ঠিত আইএসএসএফ বিশ্ব চ্যাম্পিয়নশিপে পুরুষদের 50 মিটার রাইফেল থ্রি পজিশনে রৌপ্য পদক জিতেছেন- ভারতীয় শুটার ঐশ্বর্য প্রতাপ সিং তোমার।
- 'Jal Sanchay Jan Bhagidari 2025' অনুযায়ী, বিভাগ-১ -এর সেরা তিনটি জেলার মধ্যে শীর্ষস্থান অধিকার করেছে- উত্তরপ্রদেশের মির্জাপুর।

# কারেন্ট অ্যাফেয়ার্স

- প্রবীণ নাগরিকদের সহায়তার জন্য রাজ্যের সকল জেলায় বৃদ্ধাশ্রম স্থাপনের পরিকল্পনা ঘোষণা করেছে- নাগাল্যান্ড।
- 2025 সালের 'National K9 Bravery Award' বিজয়ী বিএসএফ ট্র্যাকার কুকুরটির নাম হলো- ববিতা।
- বিশ্ব নিউমোনিয়া দিবস পালিত হয়- 12 নভেম্বর।
- ভারতের প্রথম 3 MWh-স্কেল ভ্যানাডিয়াম রেডক্স ফ্লো ব্যাটারি উন্মোচন করা হয়েছে- NTPC NETRA, Noida -তে।
- সর্বোচ্চ সংখ্যক (5.2 লক্ষ) কাজের মাধ্যমে শীর্ষস্থান অধিকার করে 'Jal Sanchay Jan Bhagidari Awards' জিতেছে- তেলেঙ্গানা রাজ্য।
- রাজ্যগুলির সাইবার স্থিতিস্থাপকতা বৃদ্ধির জন্য MeitY এবং CERT-In "Cyber Bharat Setu: Bridging States, Securing Bharat" কর্মশালা চালু করেছে- ত্রিপুরার আগরতলায়।
- 2025 সালে বুসানে অনুষ্ঠিত APEC শীর্ষ সম্মেলনে বিশ্বব্যাপী AI শাসন ও সহযোগিতার জন্যে WAICO প্রতিষ্ঠার প্রস্তাব করেছিলেন- চীনের রাষ্ট্রপতি শি জিনপিং।
- 68তম গ্র্যামি পুরস্কারের জন্যে সেরা গ্লোবাল মিউজিক অ্যালবাম বিভাগে মনোনীত হয়েছে- মহাকুম্ভ থেকে অনুপ্রাণিত সংগীত অ্যালবাম "সাউন্ডস অফ কুম্ভ"।
- আফ্রিকা জুড়ে ক্লাউড-নেটিভমোবাইল মানি প্ল্যাটফর্ম চালু করেছে- এয়ারটেল মানি।
- ষষ্ঠ জাতীয় জল পুরস্কার 2024 -এ সেরা রাজ্য বিভাগে প্রথম পুরস্কার জিতেছে- মহারাষ্ট্র।
- কেন্দ্রীয় গ্রামীণ উন্নয়ন মন্ত্রক 'জলবিভাজিকা মহোৎসব' শুরু করেছে- অন্ধ্রপ্রদেশের গুন্টুরে।
- দুটি ডিজিটাল প্লাটফর্ম 'সহকার ডিজি পে' এবং সহকার ডিজি লোন চালু করেছেন- স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ।
- ডিজিটাল সোনা এবং ই-গোল্ড পণ্যে বিনিয়োগের বিরুদ্ধে সাধারণ জনগণকে সতর্ক করেছে- সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া (SEBI)।
- আশা করা হচ্ছে ভারতের প্রকৃত জিডিপি দ্বিতীয় ত্রৈমাসিকে বৃদ্ধি পাবে- 7.2 শতাংশ।
- Palash Charitable Foundation -এর মাধ্যমে মোট 3800 টিরও বেশি হার্ট সার্জারির জন্য অর্থায়ন করে বিশ্ব রেকর্ড স্থাপন করেছেন- সংগীত শিল্পী পলক মুছাল।
- 2026 সালের সেপ্টেম্বরের মধ্যে "Lakshya Zero Dumpsites" লক্ষ্য পূরণের জন্য ডাম্পসাইট রিমিডিয়েশন অ্যাক্সিলারেটর প্রোগ্রাম (DRAP) চালু করেছে- ভারতের গৃহায়ন ও নগর বিষয়ক মন্ত্রক।
- 54 মিলিয়ন কিলোমিটার সম্মিলিত দূরত্ব অতিক্রম করার লক্ষ্যে 'Walk to Mars' অভিযান শুরু করেছে- সংযুক্ত আরব আমিরাত (UAE)।
- ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ কর্পোরেট অ্যাফেয়ার্স (IICA) এবং WNS গ্লোবাল সার্ভিসেস ভবিষ্যতের সিইওদের জন্য চালু করেছে- YBRANT প্রোগ্রাম।
- ভারতের ছয়টি শহরে প্রথম প্লাস্টিক বর্জ্য ব্র্যান্ড অডিট-২০২৫ পরিচালনা করেছে- পাঞ্জাব দূষণ নিয়ন্ত্রণ বোর্ড (মোহালি, জলন্ধর, লুধিয়ানা, অমৃতসর, পাতিয়ালা এবং বাথিন্ডা)।
- অ্যাঙ্গোলার 50তম স্বাধীনতা উদযাপনে যোগ দেন- ভারতের রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু।

# জাতীয় প্রেস দিবস


ভারতে প্রতি বছর ১৬ নভেম্বর জাতীয় প্রেস দিবস পালন করা হয়। এই দিনটি দেশে মুক্ত, ন্যায়বিচারপূর্ণ ও দায়িত্বশীল সাংবাদিকতার গুরুত্ব তুলে ধরার জন্য উদযাপিত হয়। ১৯৬৬ সালের এই দিনে Press Council of India (PCI) বা ভারতীয় প্রেস কাউন্সিল কাজ শুরু করে। তাই এই দিনটিকে জাতীয় প্রেস দিবস হিসেবে ঘোষণা করা হয়।

প্রেস কাউন্সিলের প্রধান উদ্দেশ্য হলো— সংবাদমাধ্যমকে স্বাধীন রাখা, ভুয়ো খবর রোধ করা এবং পাঠকের কাছে নিরপেক্ষ তথ্য পৌঁছে দেওয়া। সংবাদমাধ্যমকে গণতন্ত্রের চতুর্থ স্তম্ভ বলা হয়, কারণ তারা জনগণের কথা তুলে ধরে এবং সরকারের কাজকর্মের ওপর নজর রাখে।

এই দিনে দেশে বিভিন্ন সাংবাদিক সমিতি, সংবাদমাধ্যম সংগঠন ও শিক্ষা প্রতিষ্ঠান সেমিনার, আলোচনা সভা ও কর্মশালার আয়োজন করে। সেখানে নৈতিক সাংবাদিকতা, গণমাধ্যমের স্বাধীনতা, ফ্যাক্ট-চেকিং ও প্রযুক্তির প্রভাব নিয়ে আলোচনা হয়।

জাতীয় প্রেস দিবস আমাদের মনে করিয়ে দেয় যে— সত্যনিষ্ঠ ও সাহসী সাংবাদিকতা একটি সুস্থ সমাজ গঠনে অপরিহার্য। সাংবাদিকরা নানা ঝুঁকি নিয়ে মানুষের কাছে সঠিক তথ্য পৌঁছে দেন। তাই এই দিনটি তাদের প্রতি সম্মান জানানোর একটি বিশেষ সুযোগ।

স্বাধীন সংবাদমাধ্যম শুধু একটি অধিকার নয়, গণতন্ত্রের ভিত্তিকে শক্তিশালী করার অন্যতম প্রধান হাতিয়ার— এই গুরুত্বপূর্ণ বার্তাই বহন করে জাতীয় প্রেস দিবস।



## কারেন্ট অ্যাফেয়ার্স

- জিআই ট্যাগ পেল লেপচা সম্প্রদায়ের ঐতিহ্যবাহী দুটি বাদ্যযন্ত্র- টুংবুক (তিন তারের বাদ্যযন্ত্র) এবং পুমটং পুলিত (বাঁশের বাঁশি)।
- ভগবান বিরসা মুন্ডার 150 তম জন্মবার্ষিকী উপলক্ষে জনজাতিয়া গৌরববর্ষ উদযাপনের অংশ হিসেবে জাতীয় উপজাতি চলচ্চিত্র উৎসব এবং কার্নিভাল শুরু হয়েছে- মণিপুরের ইম্ফলে।
- রপ্তানিকারকদের জন্য নতুন 'ঋণ গ্যারান্টি প্রকল্পে'র মাধ্যমে অতিরিক্ত 20,000 কোটি টাকা ঋণ প্রদানের লক্ষ্যমাত্রা নিয়েছে- কেন্দ্রীয় মন্ত্রিসভা।
- কেপলার, জেমস ওয়েব টেলিস্কোপ দ্বারা বিরল পৃথিবীর অনুমানকে জনপ্রিয় করে তুলেছেন- ওয়ার্ড।
- বিশ্বব্যাপী দয়া আন্দোলনের অংশ হিসেবে প্রতি বছর 13 নভেম্বর পালিত হয়- World Kindness Day.
- National Quantum Mission -এর অধীনে ভারতের প্রথম কোয়ান্টাম ডায়মন্ড মাইক্রোস্কোপ উন্মোচন করেছে- আইআইটি বোম্বে।
- শৈশবের মানসিক আঘাত এবং বিষণ্ণতার মধ্যে সংযোগকারী মূল উপাদান হিসেবে গবেষকরা চিহ্নিত করেছেন- SGK1 প্রোটিনকে।
- 1995 সালের চুক্তির উপর ভিত্তি করে আঞ্চলিক শান্তি ও স্থিতিশীলতা বৃদ্ধির জন্য নিরাপত্তা চুক্তিতে সম্মত হয়েছে- অস্ট্রেলিয়া এবং ইন্দোনেশিয়া।
- প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং ভুটানের চতুর্থ রাজা জিগমে সিংগে ওয়াংচুক যৌথভাবে কালচক্র ক্ষমতায়নের উদ্বোধন করেছেন- ভুটানের থিম্পুতে।
- PSU গুলিতে গুণমান এবং পরিচালনাগত উৎকর্ষতা প্রচারের জন্য QCI এবং BHEL 'PSU Gunvatta Manthan' আয়োজন করেছিল- নয়া দিল্লিতে।
- বায়োটেকনোলজি ইন্ডাস্ট্রি রিসার্চ অ্যাসিস্ট্যান্স কাউন্সিলের মাধ্যমে জৈববস্তুপুঞ্জ এবং বর্জ্য থেকে সবুজ হাইড্রোজেন উৎপাদনের জন্য পাইলট প্রকল্পের জন্য ভারত সরকার ঘোষণা করেছে- 100কোটি টাকার প্রকল্প।
- বাবিনা ফিল্ড ফায়ারিং রেঞ্জে গগনযান ক্রু মডিউলের প্রধান প্যারাসুট পরীক্ষা করেছে- ISRO।
- ছয়টি শীর্ষস্থানীয় চিনি কারখানার (৩টি সমবায়, ৩টি বেসরকারি) জন্য বার্ষিক পুরস্কার 'Sugar Factory Incentive Scheme' চালু করেছে- মহারাষ্ট্র সরকার।
- জন সমর্থে স্টার্টআপ ক্রেডিট পোর্টাল চালু করেছে- Department of Financial Services.
- ভারতের শিল্প করিডোরগুলিতে উদ্ভাবন বৃদ্ধির জন্য CSIR -এর সাথে চুক্তি স্বাক্ষর করেছে- এনআইসিডিসি (NICDC)।
- 2025 সালের অক্টোবরে ভারতে খাদ্য মূল্যস্ফীতি নেমে এসেছে- (-5.02) শতাংশে।
- সাহিত্য আকাদেমি বাল সাহিত্য পুরস্কার শিশুসাহিত্যে শ্রেষ্ঠত্বের স্বীকৃতি দেয়- ২৪টি ভাষার।
- গগনযান মানব মহাকাশ অভিযানের জন্য ইসরোকে প্রথম মানব-রেটেড L110 বিকাশ ইঞ্জিন সরবরাহ করেছে- Godrej.

# প্রকাশিত হলো পশ্চিমবঙ্গ সিভিল সার্ভিস এক্সিকিউটিভ ইত্যাদি পরীক্ষা, ২০২৪ -এর বিজ্ঞপ্তি!

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা:** পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন (WBPSC) সম্প্রতি পশ্চিমবঙ্গ সিভিল সার্ভিস এক্সিকিউটিভ ইত্যাদি পরীক্ষা, ২০২৪-এর মাধ্যমে রাজ্য সরকারের গ্রুপ A, B, C এবং D স্তরের পদে বিশাল নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। যেকোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক ডিগ্রিধারী এবং বাংলা ভাষায় পড়তে, লিখতে ও কথা বলতে সক্ষম (যাদের মাতৃভাষা নেপালী নয়) প্রার্থীরা এই নিয়োগ প্রক্রিয়ার জন্য আবেদন করতে পারবেন। শূন্যপদের সংখ্যা পরে কমিশনের পক্ষ থেকে জানানো হবে। চারটি গ্রুপের ক্ষেত্রে বয়সসীমা এবং বেতনক্রমও ভিন্ন। পশ্চিমবঙ্গ পুলিশ সার্ভিসের (Group B) জন্য পুরুষ প্রার্থীদের ন্যূনতম উচ্চতা ১.৬৫ মিটার এবং মহিলা প্রার্থীদের ১.৫০ মিটার হতে হবে। SC/ ST প্রার্থীরা ৫ বছর, OBC (NCL) প্রার্থীরা ৩ বছর এবং PwBD প্রার্থীরা ৪৫ বছর পর্যন্ত বয়সে ছাড় পাবেন। যোগ্য ও আগ্রহী প্রার্থীরা কমিশনের অফিসিয়াল ওয়েবসাইট psc.wb.gov.in -এর মাধ্যমে ১৮ নভেম্বর, ২০২৫ থেকে ০৯ ডিসেম্বর, ২০২৫ (বিকেল ৩:০০টা পর্যন্ত) অনলাইনে আবেদন করতে পারবেন। আবেদন মূল্য হিসেবে দিতে হবে সাধারণ/ OBC প্রার্থীদের ২১০ টাকা এবং বাকি প্রার্থীদের কোনোরূপ আবেদন মূল্য দিতে হবেনা। ডব্লিউবিসিএস পরীক্ষাটি তিনটি পর্যায়ে সম্পন্ন হবে, প্রিলিমিনারি পরীক্ষা (MCQ টাইপ), মেইন পরীক্ষা (MCQ ও ডেস্ক্রিপটিভ টাইপ) এবং পার্সোনালিটি টেস্ট। চূড়ান্ত মেধা তালিকা মেইন পরীক্ষা এবং পার্সোনালিটি টেস্টে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে তৈরি করা হবে। আবেদনকারীদের ০৯ ডিসেম্বর, ২০২৫ তারিখের মধ্যে আবেদন সম্পূর্ণ করার এবং ১২ থেকে ১৮ ডিসেম্বর, ২০২৫ তারিখের মধ্যে 'এডিট উইন্ডো'-এর মাধ্যমে কোনো ভুল থাকলে তা সংশোধন করার পরামর্শ দেওয়া হচ্ছে।

# AIIMS CRE-4 2025; গ্রুপ B ও C পদে ১৩৮৩টি শূন্যপদে নিয়োগ!

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা:** অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ মেডিক্যাল সায়েন্সেস (AIIMS) এবং ২৬টি অংশীদার প্রতিষ্ঠান (যেমন- ICMR, JIPMER সহ দেশজুড়ে বিভিন্ন এইমস সেন্টার) দ্বারা আয়োজিত কমন রিক্রুটমেন্ট এক্সামিনেশন (CRE-4)-এর মাধ্যমে বিপুল সংখ্যক গ্রুপ B ও গ্রুপ C পদে কর্মী নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। এই বিজ্ঞপ্তিতে মোট ১,৩৮৩টি শূন্যপদের উল্লেখ করা হয়েছে। এই পদগুলির জন্য দশম শ্রেণি, ডিপ্লোমা, স্নাতক, স্নাতকোত্তর সহ বিভিন্ন শিক্ষাগত যোগ্যতার প্রার্থীরা আবেদন করতে পারবেন। বিজ্ঞপ্তিতে জুনিয়র ইঞ্জিনিয়ার, ফার্মাসিস্ট, ল্যাব টেকনিশিয়ান, স্টাফ নার্স, লাইব্রেরিয়ান, জুনিয়র অ্যাডমিনিস্ট্রেটিভ অ্যাসিস্ট্যান্ট, এলডিসি, ইউডিসি, হাসপাতাল অ্যাটেনডেন্ট ইত্যাদি পদের নাম উল্লেখ করা হয়েছে। নির্বাচিত প্রার্থীরা সপ্তম কেন্দ্রীয় বেতন কমিশনের (7th CPC) নিয়ম অনুযায়ী বেতন পাবেন। পদ অনুযায়ী যোগ্যতা ভিন্ন, দশম/ দ্বাদশ শ্রেণী পাস থেকে শুরু করে ডিপ্লোমা, স্নাতক (B.Tech, B.Sc, BMLT ইত্যাদি) এবং স্নাতকোত্তর ডিগ্রি পর্যন্ত রয়েছে যোগ্যতা। আবেদনকারীকে অবশ্যই ০২ ডিসেম্বর, ২০২৫ তারিখের মধ্যে শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা অর্জন করতে হবে। আবেদনের জন্য সর্বনিম্ন ১৮ বছর। বিভিন্ন পদের জন্য সর্বোচ্চ বয়সসীমা সাধারণত ২৫ থেকে ৪০ বছরের মধ্যে রয়েছে। SC/ ST প্রার্থীরা ৫ বছর, OBC প্রার্থীরা ৩ বছর এবং PwBD প্রার্থীরা ১০ বছর পর্যন্ত বয়সে ছাড় পাবেন। অনলাইনে আবেদনের শেষ তারিখ ০২ ডিসেম্বর, ২০২৫ (বিকেল ৫:০০টা পর্যন্ত)। যোগ্য ও আগ্রহী প্রার্থীরা AIIMS-এর অফিসিয়াল ওয়েবসাইট www.aiimsexams.ac.in -এর মাধ্যমে আবেদন করতে পারবেন। একাধিক গ্রুপে আবেদন করতে হলে প্রতিটি গ্রুপের জন্য আলাদাভাবে ফি জমা দিতে হবে। সাধারণ/ OBC প্রার্থীদের আবেদন ফি ৩,০০০ টাকা এবং SC/ ST/ EWS প্রার্থীদের ২,৪০০ টাকা। CBT পরীক্ষার সম্ভাব্য তারিখ ২২ থেকে ২৪ ডিসেম্বর, ২০২৫। কম্পিউটার ভিত্তিক পরীক্ষা (CBT), স্কিল টেস্ট (প্রযোজ্য ক্ষেত্রে) এবং ডকুমেন্ট ভেরিফিকেশন -এর মাধ্যমে প্রার্থীদের নির্বাচন করা হবে।

## পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কে লোকাল ব্যাঙ্ক অফিসার (LBO) পদে ৭৫০ শূন্যপদে নিয়োগ!

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা:** পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক লোকাল ব্যাঙ্ক অফিসার পদে মোট ৭৫০টি শূন্যপদে নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। পশ্চিমবঙ্গের জন্য মোট ৯০টি আসন সংরক্ষিত রয়েছে। যেকোনো শাখায় স্নাতক ডিগ্রিধারী আগ্রহী প্রার্থীরা এই পদগুলির জন্য আবেদন করতে পারবেন। এই নিয়োগের মাধ্যমে ব্যাঙ্ক অফিসার পদে চাকরি পাওয়ার একটি চমৎকার সুযোগ রয়েছে। প্রার্থীকে অবশ্যই ভারত সরকার বা তার নিয়ন্ত্রক সংস্থা কর্তৃক স্বীকৃত যেকোনো বিশ্ববিদ্যালয়/ সংস্থা থেকে স্নাতক হতে হবে। আবেদনকারীর বয়স ২০ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত শ্রেণীর প্রার্থীরা সরকারি নিয়ম অনুযায়ী বয়সে ছাড় পাবেন। নির্বাচিত প্রার্থীদের পে স্কেল হবে ৪৮,৪৮০/- থেকে ৮৫,৯২০/-টাকা। পশ্চিমবঙ্গের শূন্যপদের জন্য আবেদনকারীকে অবশ্যই বাংলা ভাষায় দক্ষ হতে হবে। যোগ্য ও আগ্রহী প্রার্থীদের ২৩.১১.২০২৫ তারিখের মধ্যে PNB-এর অফিসিয়াল ওয়েবসাইট pnb.bank.in -এর মাধ্যমে শুধুমাত্র অনলাইনে আবেদন করতে হবে। আবদেন মূল্য হিসেবে SC/ ST/ PwBD প্রার্থীদের ৫৯ টাকা এবং অন্যান্য প্রার্থীদের ১,১৮০ টাকা দিতে হবে। অনলাইন লিখিত পরীক্ষা, স্ক্রিনিং, ভাষা দক্ষতার পরীক্ষা, পার্সোনাল ইন্টারভিউ মোট এই চারটি ধাপে লোকাল ব্যাঙ্ক অফিসার পদের জন্য নির্বাচন প্রক্রিয়া সম্পন্ন হবে।



# ব্যাঙ্ক অফ বরোদায় অ্যাপ্রেন্টিস পদে ২৭০০ শূন্যপদে নিয়োগ!

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা:** দেশের অন্যতম প্রধান রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক ব্যাঙ্ক অফ বরোদা (BOB) অ্যাপ্রেন্টিস পদে মোট ২,৭০০টি শূন্যপদে নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। পশ্চিমবঙ্গের জন্য মোট ১০৪টি আসন সংরক্ষিত রয়েছে। আবেদনকারীর যেকোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে যেকোনো শাখায় স্নাতক ডিগ্রি থাকতে হবে। ০১.১১.২০২৫ তারিখ অনুযায়ী আবেদনকারীর বয়স ২০ থেকে ২৮ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত শ্রেণীর প্রার্থীরা সরকারি নিয়ম অনুযায়ী বয়সে ছাড় পাবেন। নির্বাচিত শিক্ষানবিশদের এক বছরের প্রশিক্ষণকালে প্রতি মাসে ১৫,০০০/- টাকা স্টাইপেন্ড দেওয়া হবে। এই প্রশিক্ষণ চলাকালীন তাঁরা অন্য কোনো ভাতা বা সুবিধা পাওয়ার যোগ্য হবেন না। যোগ্য প্রার্থীদের অনলাইন পরীক্ষা, ডকুমেন্ট ভেরিফিকেশন এবং সংশ্লিষ্ট রাজ্যের স্থানীয় ভাষা দক্ষতার পরীক্ষার মাধ্যমে নির্বাচন করা হবে। প্রার্থীদের প্রথমে ভারত সরকারের NATS অথবা NAPS পোর্টালে নিজেদের নাম নথিভুক্ত করতে হবে। এরপর ব্যাঙ্ক অফ বরোদার বিজ্ঞাপনে নির্দেশিত নিয়ম অনুসারে আবেদন সম্পন্ন করতে হবে এবং পরীক্ষার ফি জমা দিতে হবে। আবেদন মূল্য হিসেবে জেনারেল/ EWS/ OBC প্রার্থীদের জন্য ৮০০ টাকা, PwBD (শারীরিক প্রতিবন্ধী) প্রার্থীদের জন্য ৪০০ টাকা ধার্য করা হয়েছে। SC/ ST প্রার্থীদের কোনো আবেদন মূল্য দিতে হবে না। অফিসিয়াল ওয়েবসাইট bankofbaroda.bank.in এবং অনলাইনে আবেদনের শেষ তারিখ হল ০১.১২.২০২৫।

## স্টিল অথরিটি অফ ইন্ডিয়া (SAIL) -এ ম্যানেজমেন্ট ট্রেইনি (MT) পদে কর্মী নিয়োগ

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা:** দেশের অন্যতম বৃহৎ ইস্পাত সংস্থা স্টিল অথরিটি অফ ইন্ডিয়া (SAIL) ইঞ্জিনিয়ারিং গ্র্যাজুয়েটদের জন্য ম্যানেজমেন্ট ট্রেইনি (MT) পদে মোট ১২৪টি শূন্যপদে কর্মী নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। বিজ্ঞপ্তি অনুযায়ী ১২৪টি শূন্যপদের মধ্যে ইলেক্ট্রিক্যাল- ৪৪, মেকানিক্যাল- ৩০, মেটালার্জি- ২০, সিভিল- ১৪, ইনস্ট্রুমেন্টেশন- ০৭, কেমিক্যাল- ০৫, কম্পিউটার- ০৪ টি পদ রয়েছে। আবেদনকারীর কেমিক্যাল, সিভিল, কম্পিউটার, ইলেক্ট্রিক্যাল, ইনস্ট্রুমেন্টেশন, মেকানিক্যাল এবং মেটালার্জি এই সাতটি ইঞ্জিনিয়ারিং ডিসিপ্লিনের মধ্যে যেকোনো একটিতে কমপক্ষে ৬৫% নম্বর (সমস্ত সেমিস্টারের গড়) সহ ইঞ্জিনিয়ারিং ডিগ্রি (B.E./ B.Tech) থাকতে হবে। ০৫.১২.২০২৫ তারিখ অনুযায়ী আবেদনকারীর বয়স ২৮ বছর হতে হবে। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা ৪৫ বছর। সংরক্ষিত শ্রেণীর প্রার্থীরা সরকারি নিয়ম অনুযায়ী বয়সে ছাড় পাবেন। ট্রেনিং চলাকালীন ম্যানেজমেন্ট ট্রেইনি (টেকনিক্যাল) পদে নিযুক্ত প্রার্থীরা বেসিক পে ৫০,০০০/- টাকা পাবেন। এক বছরের সফল ট্রেনিং শেষে তাঁদের অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (E1 গ্রেড) পদে উন্নীত করা হবে, যার পে স্কেল হবে ৬০,০০০/- থেকে ১,৮০,০০০/- টাকা। যোগ্য ও ইচ্ছুক প্রার্থীদের ০৫.১২.২০২৫ তারিখের মধ্যে স্টিল অথরিটি অফ ইন্ডিয়া অফিসিয়াল ওয়েবসাইট sail.co.in -এ শুধুমাত্র SAIL-এর ক্যারিয়ার পেজের মাধ্যমে অনলাইনে আবেদন করতে হবে। আবেদন মূল্য হিসেবে সাধারণ/ OBC (NCL)/ EWS প্রার্থীদের জন্য ১,০৫০ টাকা এবং SC/ ST/ PwBD/ ESM/ বিভাগীয় প্রার্থীদের জন্য ৩০০ টাকা। যোগ্য প্রার্থীদের অনলাইন পরীক্ষা (CBT) এবং গ্রুপ ডিসকাশনের পর চূড়ান্ত মেধা তালিকা প্রকাশিত হবে।

## এনআইটি দুর্গাপুরে নন-টিচিং পদে ১১৮টি শূন্যপদে নিয়োগ!

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা:** ন্যাশনাল ইনস্টিটিউট অফ টেকনোলজি, দুর্গাপুর বিভিন্ন অ-শিক্ষক পদে মোট ১১৮টি শূন্যপদে কর্মী নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। বিভিন্ন শিক্ষাগত যোগ্যতার প্রার্থীরা এই পদগুলির জন্য আবেদন করতে পারবেন। কেন্দ্রীয় শিক্ষা প্রতিষ্ঠানের চাকরিপ্রার্থীদের জন্য এটি একটি গুরুত্বপূর্ণ সুযোগ। নির্বাচিত প্রার্থীরা 7th CPC অনুযায়ী লেভেল-১ থেকে লেভেল-১৪ পর্যন্ত পে লেভেলে বেতন পাবেন।

*পরের পাতায়*

## কারেন্ট অ্যাফেয়ার্স

- ইনসুলিনের অন্যতম আবিষ্কারক স্যার ফ্রেডেরিক ব্যান্টিংয়ের জন্মদিন উপলক্ষে 14 নভেম্বর পালিত হয় বিশ্ব ডায়াবেটিস দিবস। বিশ্ব ডায়াবেটিস দিবস 2025 এর থিম ছিল- "Diabetes and Well-being."
- 'Buy (Indian)' বিভাগের অধীনে INVAR অ্যান্টি-ট্যাঙ্ক মিসাইলের জন্য 2,095.70 কোটি টাকার চুক্তি স্বাক্ষর করেছে- প্রতিরক্ষা মন্ত্রণালয় এবং ভারত ডায়নামিক্স লিমিটেড।
- টেলিযোগাযোগ গবেষণা এবং মানসম্মতকরণে সহযোগিতার জন্য Telecommunication Engineering Centre (TEC) -এর সাথে চুক্তি স্বাক্ষর করেছে- SRM Institute of Science & Technology (SRMIST).
- জননিরাপত্তার জন্য একটি আদিবাসী মিশন ক্রিটিক্যাল কমিউনিকেশন (MCX) সিস্টেম সহ-উন্নয়নের জন্য C-DOT -এর সাথে চুক্তি স্বাক্ষর করেছে- NAM InfoCom.
- সংস্কৃতি মন্ত্রক এবং ক্যালিগ্রাফি ফাউন্ডেশন আয়োজিত অক্ষর মহোৎসব 2025 -এর থিম ছিল- "Akshar-Sanskriti – Letters as Pillars of Culture."
- বিশ্ব ডায়াবেটিস দিবসে CARI বেঙ্গালুরু ডায়াবেটিস ব্যবস্থাপনার উপর যে অনুষ্ঠানের আয়োজন করেছিল তার নাম- মধুমেহ বিমর্ষ ('Madhumeha Vimarsha')।
- সেনাবাহিনী এবং আইএএফ -এর সমন্বয়ে ত্রিশূল মহড়ার অধীনে জয়সলমীরে পরিচালিত ভারতের পরবর্তী প্রজন্মের যুদ্ধ প্রস্তুতির পরিচায়ক অপারেশনটির নাম- 'অখণ্ড প্রহার'।
- টনি ব্লেয়ার ইনস্টিটিউটের আয়োজনে ওড়িশার পুরীতে অনুষ্ঠিতব্য (5-7 ডিসেম্বর 2025) GELS 2025 -এর লোগো এবং ওয়েবসাইট উদ্বোধন করেন মন্ত্রী শ্রীপাদ নায়েক। এর থিম- "Powering India: Sufficiency, Balance, Innovation."
- রেল বাণিজ্য বৃদ্ধির জন্য জোগবানি-বিরাটনগর দুটি স্থানের লিঙ্কের মাধ্যমে কন্টেইনারযুক্ত এবং বাল্ক কার্গো সম্প্রসারণের জন্য চুক্তি স্বাক্ষর করেছে- ভারত ও নেপাল।
- 2025 সালের অক্টোবরে WPI মুদ্রাস্ফীতি নেমে এসেছে- -1.21 শতাংশে।
- 2025 সালের ডিসেম্বরে GCC'র পাইলট ওয়ান-স্টপ ভ্রমণ ব্যবস্থাটি চালু হবে- UAE–Bahrain -এর মধ্যে।

আবেদনকারীর বয়স হতে হবে সর্বোচ্চ ৫৬ বছর। সরকারি নিয়ম অনুযায়ী সংরক্ষিত প্রার্থীরা বয়সে ছাড় পাবেন। এই নিয়োগ বিজ্ঞপ্তিতে বিপুল সংখ্যক পদ থাকায় শিক্ষাগত যোগ্যতাও পদ অনুসারে ভিন্ন ভিন্ন। যেমন- অফিস অ্যাটেনডেন্ট / ল্যাব অ্যাটেনডেন্ট -এর জন্যে স্বীকৃত বোর্ড থেকে সিনিয়র সেকেন্ডারি পাস। টেকনিশিয়ান/ সিনিয়র টেকনিশিয়ান -এর ক্ষেত্রে সিনিয়র সেকেন্ডারি পাস সহ আইটিআই কোর্স অথবা ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং। অ্যাসিস্ট্যান্ট রেজিস্ট্রার এর জন্যে কমপক্ষে ৫৫% নম্বর সহ যেকোনো বিষয়ে মাস্টার্স ডিগ্রি। পদ অনুযায়ী বিস্তারিত শিক্ষাগত যোগ্যতা বিজ্ঞপ্তিতে দেখুন। যোগ্য ও আগ্রহী প্রার্থীরা এনআইটি দুর্গাপুরের অফিসিয়াল ওয়েবসাইট nitdgp.ac.in -এ গিয়ে ‘Careers’ ট্যাবের অধীনে ‘Non-Teaching Staff Recruitment’ লিঙ্ক-এর মাধ্যমে অনলাইনে আবেদন করতে পারবেন। অনলাইনে আবেদনের শেষ তারিখ ১২.১২.২০২৫। UR/ OBC/ EWS প্রার্থীদের জন্য ১,৫০০ টাকা আবেদন মূল্য নির্ধারিত করা হয়েছে। এবং SC/ ST/ PwD/ প্রাক্তন সেনাকর্মী এবং মহিলা প্রার্থীদের কোনোরকম আবেদন ফি দিতে হবে না। প্রার্থীদের নির্বাচন প্রক্রিয়া মূলত ডকুমেন্ট ভেরিফিকেশন/ স্কিল টেস্ট/ ট্রেড টেস্ট/ ইন্টারভিউ ইত্যাদির মাধ্যমে সম্পন্ন হবে। এই সংক্রান্ত সমস্ত তথ্য শুধুমাত্র এনআইটি দুর্গাপুরের অফিসিয়াল ওয়েবসাইটে প্রকাশ করা হবে।